

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, ১৩ জুলাই, ১৯৯৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি মন্ত্রণালয়

বিজ্ঞপ্তি

তারিখঃ ৮ই মার্চ, ১৯৯৮/২৪শে ফাল্গুন, ১৪০৪ বাং

এস.আর.ও. নং ৩৩-আইন/৯৮- বীজ অধ্যাদেশ, ১৯৭৭ (XXXIII of 1977) এর ২৩ ধারার ক্ষমতাবলে এ যাবত উক্ত বিষয়ে প্রণীত সকল বিধিসমূহ রহিতকরণ পূর্বক সরকার সন্তুষ্ট হয়ে নিম্নে বর্ণিত বিধি প্রবর্তন করেনঃ-

বীজ বিধিমালা, ১৯৯৮

১। সংক্ষিপ্ত শিরোনাম

এই বিধিমালা বীজ বিধিমালা, ১৯৯৮ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা

বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায় -

- (ক) “প্রত্যয়ন ট্যাগ” অর্থ সুনির্দিষ্ট আকৃতির ট্যাগ বা লেবেল যাহা প্রত্যয়ন এজেন্সী কর্তৃক প্রদত্ত বীজ সনদের অর্থ প্রকাশ করে;
- (খ) “প্রত্যায়িত বীজ” অর্থ এমন বীজ যাহা অধ্যাদেশ এবং এই বিধিমালার অধীন প্রদত্ত প্রত্যয়নের সকল শর্ত পূরণ করে এবং প্রত্যয়ন ট্যাগ সংযুক্ত ধারকও ইহার অন্তর্ভুক্ত হইবে;
- (গ) “ফরম” অর্থ এই বিধিমালায় সংযোজিত ফরম;
- (ঘ) “অধ্যাদেশ” অর্থ বীজ অধ্যাদেশ, ১৯৭৭
- (ঙ) “উৎস” অর্থ বীজ উৎপাদনকারী দেশ এবং যে ক্ষেত্রে বিভিন্ন উৎসের বীজ মিশ্রিত থাকে সে ক্ষেত্রে লেবেলে বীজের প্রত্যেক উৎসের শতকরা হারের উল্লেখ থাকিবে;
- (চ) “প্রক্রিয়াজাতকরণ” অর্থ পরিষ্কারকরণ, শুকানো, শোধন, গ্রেডিং এবং অন্যান্য কর্মকাণ্ড যাহা বীজের বিশুদ্ধতা ও অংকুরোদগম ক্ষমতা পরিবর্তন করিতে পারে এবং ইহার ফলে বীজের মান নির্ধারণে পুনঃ পরীক্ষার প্রয়োজন হইতে পারে কিন্তু প্যাকেজিং ও লেবেলিং এই কর্মকাণ্ডের অন্তর্ভুক্ত হইবে না;

- (ছ) “বীজ শিল্প” অর্থ কোন শিল্প বা প্রতিষ্ঠান যাহা ব্যবসার জন্য বীজ উৎপাদন করে বা বীজের উন্নয়ন, সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ, বিক্রয় বা বিনিময়ের ব্যবসা পরিচালনা করে;
- (জ) “শোধিত” অর্থ নির্দিষ্ট রোগ-জীবাণু, পোকা-মাকড় বা যে কোন বলাই এর আক্রমণ হ্রাস, নিয়ন্ত্রণ বা প্রতিরোধের উদ্দেশ্যে বীজে কোন উপাদান প্রয়োগ বা এমন কোন পদ্ধতি গ্রহণ।

### ৩। বোর্ডের কার্যাবলী

অধ্যাদেশ দ্বারা বোর্ডকে অর্পিত কার্যাবলীর অতিরিক্ত, বোর্ডের কার্যাবলী হইবে -

- (ক) বীজ শিল্পের উন্নয়ন ও বিকাশে উৎসাহদান করিতে করণীয় যাবতীয় কর্মকাণ্ডে সরকারকে পরামর্শ প্রদান;
- (খ) সরকারি বীজ পরীক্ষাগারের উপযুক্ততা ও কার্যাবলী সম্পর্কে সরকারকে পরামর্শ প্রদান;
- (গ) অধ্যাদেশের উদ্দেশ্য পূরণকল্পে, অধ্যাদেশের ধারা ৫ এর অধীন বীজের কোন জাত বা প্রজাতি ঘোষণা করিতে সরকারকে পরামর্শ প্রদান;
- (ঘ) বীজের অপ্রচলিত প্রজাতির প্রত্যাহার বা অবলুপ্ত করিবার জন্য সরকারকে পরামর্শ প্রদান;
- (ঙ) বীজের প্রত্যায়ন, পরীক্ষা ও বিশ্লেষণের জন্য মানদণ্ড বা কার্যধারা সম্পর্কে সরকারকে পরামর্শ প্রদান;
- (চ) বীজ প্রত্যায়ন এজেন্সীর ভূমিকা ও দায়িত্ব সম্পর্কে সরকারকে পরামর্শ প্রদান;
- (ছ) বীজ নিরাপত্তা প্রক্রিয়া সম্পর্কে সরকারকে পরামর্শ প্রদান;
- (জ) বাংলাদেশে উৎপাদিত ফসলের বিভিন্ন প্রজাতির, স্থানীয়ভাবে উৎকর্ষিত বা অস্বাদনিকৃত, নিবন্ধন করিবার ব্যবস্থা গ্রহণ;
- (ঝ) বাংলাদেশে বীজ ব্যবসায়ীদের নিবন্ধনের ব্যবস্থা গ্রহণ;
- (ঞ) বোর্ডের নিকট উপস্থাপিত বিষয়সমূহের উপর সিদ্ধান্ত গ্রহণের জন্য বছরের যে কোন সময়ে অন্তত দুইবার সভায় মিলিত হওয়া;
- (ট) বীজ সংক্রান্ত কার্যাবলী সুষ্ঠুভাবে পরিচালনার উদ্দেশ্যে, এই বিধির সঙ্গে সংযোজিত ফরম পরিবর্তনের জন্য সরকারকে পরামর্শ প্রদান করা;
- (ঠ) এজেন্সী কর্তৃক প্রত্যায়ন এবং বীজ পরীক্ষাগার কর্তৃক নমুনা পরীক্ষার ফিসের হার নির্ধারণের সুপারিশ করা;
- (ড) অধ্যাদেশের উদ্দেশ্য পূরণকল্পে, সরকারের পূর্বনোমোদন সাপেক্ষে অন্য যে কোন কার্য বা দায়িত্ব সম্পাদন করা।

### ৪। বোর্ড বা কমিটির সদস্যগণের ভ্রমণ ভাতা ও দৈনিক ভাতা

বোর্ড এবং কমিটির সদস্যগণ কমিটি বা বোর্ডের কোন সভায় অংশগ্রহণ করার ক্ষেত্রে নিম্নবর্ণিত হারে ভ্রমণ ভাতা ও দৈনিক ভাতা উত্তোলন করিতে পারিবেন -

- (ক) একজন সরকারি সদস্য সরকারি বিধি মোতাবেক ভ্রমণ ভাতা এবং দৈনিক ভাতা প্রাপ্য হইবেন এবং যে উৎস হইতে তাহার বেতন ভাতা উত্তোলিত হয় সেই একই উৎস হইতে তিনি উহা উত্তোলন করিতে পারিবেন;
- (খ) একজন বেসরকারি সদস্য সরকার কর্তৃক, সগয় সময়, এতদুদ্দেশ্যে জারীকৃত সাধারণ আদেশ দ্বারা নির্ধারিত ভ্রমণ ভাতা এবং দৈনিক ভাতা প্রাপ্য হইবেন।

## ৫। বীজ পরীক্ষাগারের কার্যাবলী

অধ্যাদেশ দ্বারা অর্পিত কার্যাবলীর অতিরিক্ত বীজ পরীক্ষাগার নিম্নবর্ণিত কার্য সম্পাদন করিবে -

- (ক) বীজ পরীক্ষাগার সমূহের ফলাফলে সামঞ্জস্যতা আনয়নের লক্ষ্যে অন্যান্য বীজ পরীক্ষাগারের সহযোগিতায় বীজ পরীক্ষা কর্মসূচির উদ্যোগ গ্রহণ এবং ঘোষিত বীজের জাত ও প্রজাতির নমুনা ও তথ্য সংরক্ষণ;
- (খ) বীজ পরীক্ষার পদ্ধতির সহিত সংশ্লিষ্ট ব্যক্তিদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ;
- (গ) অন্যান্য উৎস হইতে প্রাপ্ত বীজের মান সম্পর্কে নিয়মিত উপাত্ত সংগ্রহ এবং উক্ত উপাত্ত বোর্ডের নিকট উপস্থাপন করা;
- (ঘ) বোর্ড কর্তৃক নির্দিষ্টকৃত প্রক্রিয়া বা পদ্ধতি অনুসরণে বীজের নমুনা বিশ্লেষণ;
- (ঙ) সরকার কর্তৃক, সময় সময়, প্রদত্ত অন্যান্য কার্য সম্পাদন।

## ৬। বীজ প্রত্যয়ন এজেন্সীর কার্যাবলী

অধ্যাদেশ দ্বারা অর্পিত কার্যাবলী ছাড়াও এজেন্সী নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদন করিবে -

- (ক) যে কোন ঘোষিত জাত ও প্রজাতির বীজ প্রত্যয়ন;
- (খ) নিবন্ধিত অন্যান্য জাতের বীজ প্রত্যয়ন;
- (গ) বীজ প্রত্যয়নের উদ্দেশ্যে উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, সংরক্ষণ ও লেবেলিং এর পদ্ধতি নির্ধারণ এবং চূড়ান্তভাবে অনুমোদিত বীজের জাত সঠিক কিনা এবং এই বিধিমালার অধীন প্রত্যয়নের জন্য উহাতে অক্ষুরোদগমের হার, বিশুদ্ধতার হার, আর্দ্রতার পরিমাণ ও বীজ মানের একরূপ অন্যান্য বৈশিষ্ট্য আছে কিনা, তাহা নিশ্চিত করা;
- (ঘ) কোন জাতের বা প্রজাতির বীজ প্রত্যয়নের জন্য আবেদনপত্র প্রাপ্তির পর বপনকৃত বীজের উৎস বীজ প্রত্যয়ন এজেন্সী কর্তৃক প্রমাণকৃত হইয়াছিল কিনা, এই বিধিমালা অনুসারে বীজ ক্রয়ের রেকর্ড আছে কিনা এবং ফি পরিশোধ হইয়াছে কিনা তাহা যাচাই করা;
- (ঙ) স্বতন্ত্রীকরণ (Isolation), বিজাত বাছাই (Rouging), যদি প্রয়োজন হয়, এবং সংশ্লিষ্ট জাতের বা প্রজাতির সুনির্দিষ্ট অন্যান্য বিষয়াদির (Factors) ন্যূনতম মান সর্বদা বজায় রাখাসহ বীজ মাঠে প্রত্যয়নের জন্য নির্ধারিত গ্রহণীয় মাত্রার অতিরিক্ত বীজ বাহিত রোগের উপস্থিতি যাহাতে না থাকে তাহা নিশ্চিত করিতে মাঠ পরিদর্শন করা;
- (চ) অন্য জাতের বা প্রজাতির বীজের মিশ্রণ ঘটতেছে কিনা তাহা দেখিতে বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র পরিদর্শন করা;
- (ছ) মাঠ পরিদর্শন, বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র পরিদর্শন, নমুনা বিশ্লেষণ এবং চিহ্নিতকরণ, লেবেলিং, সীলিংসহ প্রত্যয়নপত্র প্রদান সুচারুভাবে সম্পন্ন হইতেছে কিনা তাহা নিশ্চিত করা;
- (জ) বীজ ব্যবসায়ী কর্তৃক বাজারজাতকৃত বীজের ধারকের সহিত সংযুক্ত লেবেলে বর্ণিত বীজের মান উহাতে বিধৃতরূপে সঠিক আছে কিনা উহা বাজারজাত পরবর্তী নমুনা পরীক্ষা পদ্ধতি দ্বারা তদারকি করা এবং মান সম্পর্কে সচেতনতা সৃষ্টির উদ্দেশ্যে উহার ফলাফল বীজ ব্যবসায়ীগণকে অবগত করা;
- (ঝ) ডিইউএস (DUS: Distinctness, Uniformity and Stability) পরীক্ষার অংশ হিসেবে জাতের চরিত্রগত বৈশিষ্ট্য ও গুণাবলীর কর্মকাণ্ড (Varietal description activities) পরিচালনা করা এবং সেই সকল জাতের কার্যকারীতা পরীক্ষার (VCU: Value for Cultivation and Use) জন্য সমন্বয় সাধন এবং বিভিন্ন স্থানে পরীক্ষণের ব্যবস্থা করা;

- (ঞ) বিভিন্ন ফসলের বীজের গুণের নূনতম মান, সময় সময়, পুনর্বিবেচনা ও অনুমোদনের জন্য সুপারিশ করা;
- (ট) প্রত্যায়িত বীজের উৎপাদনে উৎসাহ সৃষ্টির লক্ষ্যে বীজ ব্যবসায়ী ও প্রত্যায়িত বীজের তালিকা প্রকাশসহ শিক্ষামূলক কর্মসূচী পরিচালনা করা;
- (ঠ) প্রত্যায়িত বীজ উৎপাদনের জন্য যে বীজ বপন করা হইয়াছে উহা এই বিধিমালার অধীন বপনযোগ্য ছিল কিনা যাচাই করিতে প্রয়োজনীয় তথ্য সংরক্ষণ করা;
- (ড) রোগ এবং কীট-পতঙ্গের দ্বারা সহজে আক্রান্ত হওয়ার প্রবণতা ও কম কার্যকারিতা (Poor performance) এর জন্য বোর্ডকে কোন জাত প্রত্যাহারের পরামর্শ প্রদান।

#### ৭। জাত বা প্রজাতির নিবন্ধীকরণের আবেদন

- (১) কোন বীজ ডিলারকে ঘোষিত ফসলের জাত বা প্রজাতি সমূহের নিবন্ধীকরণার্থে ফরম ১ এ বোর্ডে আবেদন করিতে হইবে;
- (২) উপ-বিধি (১) এর অধীন আবেদনপত্র প্রাপ্তির পর, বোর্ড কর্তৃক নিয়োগপ্রাপ্ত এজেন্সি বা কর্তৃপক্ষ মারফৎ ফসলের জাত বা প্রজাতি পরীক্ষার ব্যবস্থা গ্রহণ করিবে;
- (৩) উপ-বিধি (২) এর অধীন পরীক্ষার ফলাফল প্রাপ্তির পর, বোর্ড উপযুক্ত মনে করিলে, প্রতিবেদনের সত্যতা যাচাই করিবে এবং আবেদনের উপর সিদ্ধান্ত প্রদানপূর্বক উহা আবেদনকারীকে অবহিত করিবে;
- (৪) আবেদনপত্র মঞ্জুর করা হইলে বোর্ড নিবন্ধনের একটি প্রত্যয়নপত্র প্রদান করিবে।

#### ৮। বীজ ডিলার নিবন্ধীকরণের আবেদন

- (১) বীজ ডিলারের নিবন্ধীকরণার্থে ফরম ২ এ আবেদন করিতে হইবে;
- (২) উপ-বিধি (১) এর অধীন আবেদনপত্র প্রাপ্তির পর, বোর্ড আবেদনপত্রে বর্ণিত তথ্যাদির সত্যতা যাচাই করিবে এবং আবেদনের উপর সিদ্ধান্ত প্রদানপূর্বক উহা আবেদনকারীকে অবহিত করিবে;
- (৩) আবেদনপত্র মঞ্জুর করা হইলে বোর্ড নিবন্ধনের একটি প্রত্যয়নপত্র প্রদান করিবে।

#### ৯। বীজের শ্রেণী ও উৎস

- (১) কোন জাত বা প্রজাতির বীজ নিম্নবর্ণিত চার শ্রেণীর হইবে, যথা :-
  - (ক) প্রজননবিদের/মৌল বীজ (Breeder seed) যাহা ভিত্তি বীজের প্রথম ও বর্ধিত উৎস হিসাবে বিবেচিত হয়;
  - (খ) ভিত্তি বীজ (Foundation seed) মৌল বীজের বংশধর হইতে হইবে বা ভিত্তি বীজ থেকে উৎপাদন করিতে হইবে, যাহা মৌল বীজের বৈশিষ্ট্য বহন করিবে;
  - (গ) প্রত্যায়িত বীজ (Certified seed) ভিত্তি বীজের বংশধর হইতে হইবে যাহাতে বংশগত বৈশিষ্ট্য ও বিশুদ্ধতার মান কোন নির্দিষ্ট ফসল প্রত্যায়িত হইবার নির্ধারিত মান অনুসারে হয়;
  - (ঘ) বিশ্বস্থ বীজ/মান ঘোষিত বীজ (Truthfully labelled seed) যাহা ভিত্তি, প্রত্যায়িত, মোড়ককৃত (Labelled) বা সময় সময় নির্দিষ্টকৃত অন্য কোন বীজের বংশধর হইবে, যাহার ধারকে নির্ধারিতভাবে উহার গুণাবলী বর্ণিত থাকিবে।
- (২) বোর্ডের নিকট যদি যথাযথ বলিয়া বিবেচিত হয় যে, পর্যাপ্ত পরিমাণের বীজ সরবরাহ করা প্রয়োজন, তাহা হইলে প্রত্যায়িত বীজের বংশধরকে প্রত্যায়িত বীজ হিসাবে গণ্য করা হইবে, তবে

অনুর্দ্ধ তিন বংশ পরম্পরা পর্যন্ত বীজের বংশগত স্বতন্ত্র বা বিশুদ্ধতার বৈশিষ্ট্যের উল্লেখযোগ্য কোন পরিবর্তন না করিয়া বীজ উৎপাদন করা যাইবে।

**১০। প্রত্যয়নপত্র মঞ্জুরের আবেদন**

অধ্যাদেশের ধারা ৯ এর উপ-ধারা (১) এর অধীন প্রত্যয়নপত্র মঞ্জুরের জন্য ফরম ৩ এ আবেদন করিতে হইবে।

**১১। প্রত্যয়নপত্র মঞ্জুরের ফিস**

অধ্যাদেশের ধারা ৯ এর উপ-ধারা (১) এর অধীন প্রত্যেক আবেদনপত্রের সহিত একশত টাকার ট্রেজারী চালানের রশিদ জমা দিতে হইবে।

**১২। প্রত্যয়নের জন্য আবেদনকৃত বীজ মাঠ গ্রহণ এবং বাতিল**

বিধি ১০ এর অধীন আবেদনপত্র প্রাপ্তির পর বীজ প্রত্যয়ন এজেন্সী বোর্ড কর্তৃক নির্ধারিত মাঠ মান অনুসারে বীজ মাঠ সম্পূর্ণভাবে পরিদর্শনের ভিত্তিতে ফরম ৪ এর মাধ্যমে মাঠ গ্রহণের এবং ফরম ৫ এর মাধ্যমে বাতিলের সিদ্ধান্ত নোটিশের মাধ্যমে আবেদনকারীকে অবহিত করিবে।

**১৩। প্রত্যয়নপত্র মঞ্জুর**

প্রতিটি প্রত্যয়নপত্র অধ্যাদেশের ধারা ৯ এর উপ-ধারা (৩) এর অধীন ফরম ৬ এ বীজ প্রত্যয়ন এজেন্সী কর্তৃক উক্ত ধারার বিধান অনুসারে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে প্রয়োজনীয় সন্তোষজনক যাচাইয়ের পরে মঞ্জুর করিতে হইবে। যথাঃ

(১) ধারা ৯ এর উপ-ধারা (৩) এর অধীন যে বীজ ডিলারকে প্রত্যয়নপত্র প্রদান করা হইবে তিনি বীজের প্রতিটি বীজাধারে একটি প্রত্যয়ন ট্যাগ সংযোজন করিবেন এবং উক্ত প্রত্যয়ন ট্যাগে নিম্নবর্ণিত তথ্যাদি থাকিবে, যথাঃ:-

(ক) প্রত্যয়ন এজেন্সীর নাম ও ঠিকানা;

(খ) বীজের জাত বা প্রজাতির নাম;

(গ) বীজের লট নম্বর ও অন্যান্য চিহ্ন;

(ঘ) নিবন্ধীকৃত বীজ ডিলারের নাম ও ঠিকানা;

(ঙ) প্রত্যয়নপত্র প্রদানের ও মেয়াদ উত্তীর্ণের তারিখ;

(চ) প্রত্যয়িত বীজ নিরূপনার্থে যথাযথ চিহ্ন;

(ছ) বীজের শ্রেণী পদবী (প্রজননবিদের/মৌল, ভিত্তি ও প্রত্যয়িত) চিহ্নিত করিবার জন্য যথাযথ শব্দ ব্যবহার;

(জ) বীজের বপন বা রোপনের সময়;

(ঝ) বীজ শোধিত না অশোধিত; শোধিত হইলে, “খাদ্য, পশু-খাদ্য কিংবা তেল হিসাবে ব্যবহার করা যাইবে না” লিখে চিহ্নিত করিতে হইবে;

(ঞ) মেয়াদ উত্তীর্ণ বীজ কেহ ব্যবহার করিলে উহা সম্পূর্ণ তাহার নিজ দায়িত্বে ব্যবহার করিতে হইবে, বীজের স্বত্বাধিকারী প্রতিষ্ঠান উক্ত বীজ ব্যবহারকারীর কোন প্রকার ক্ষতির দায়িত্বভার গ্রহণ করিবে না;

(ট) বীজাধারে সীল কিংবা প্রত্যয়ন ট্যাগ বিকৃত থাকিলে সেই বীজ ক্রয় করা উচিত নয়।

(২) প্রত্যয়ন ট্যাগের রং প্রজননবিদের/মৌল বীজের জন্য সবুজ, ভিত্তি বীজের জন্য সাদা, প্রত্যয়িত বীজের জন্য নীল এবং মান ঘোষিত বীজের জন্য হলুদ হইবে।

- (৩) প্রত্যায়িত বীজের বীজাধার প্রত্যয়ন এজেন্সী যেইরূপ নির্ধারণ করিবে সেইরূপ উপকরণ দ্বারা বন্ধ (সীল) করিতে হইবে এবং যদি কোনভাবে বীজের ট্যাগ বা সীল না থাকে বা ক্ষতিগ্রস্ত থাকে, তাহা হইলে কোন অবস্থাতেই ট্যাগ ব্যতীত কোন বীজের পাত্র বা প্যাকেট বিক্রয় করা যাইবে না।
- (৪) প্রত্যয়নপত্র প্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান বিক্রয়ের জন্য সরবরাহকৃত বীজের প্রতিটি লটের বিস্তারিত তথ্যাদি এমনভাবে সংরক্ষণ করিবেন যাহাতে পরবর্তীতে পরিদর্শনের সময় প্রতিটি বীজাধারে প্রত্যয়ন ট্যাগ ও লট নম্বর অনুসারে সনাক্ত করা যায় এবং বিশেষ করে যে সব বীজের মেয়াদ ২ বৎসর সেই সকল বীজের ক্ষেত্রে উক্ত তথ্যাদি সঠিকভাবে সংরক্ষণ করিতে হইবে।
- (৫) প্রত্যয়নপত্র প্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান প্রত্যয়ন এজেন্সী কর্তৃক লিখিতভাবে দায়িত্বপ্রাপ্ত কোন বীজ পরিদর্শককে এজেন্সীর পক্ষে কোন প্রকার নোটিশ প্রদান বা নোটিশ ব্যতীত বীজ উৎপাদন খামারের আঙ্গিনা, প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র, গুদাম ও বিক্রয় কেন্দ্র যুক্তিসংগত যে কোনো সময়ে প্রবেশ এবং পরিদর্শন করিতে অনুমতি দিতে বাধ্য থাকিবে।
- (৬) প্রত্যয়নপত্র প্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান প্রত্যয়ন এজেন্সী কর্তৃক লিখিতভাবে ক্ষমতাপ্রাপ্ত বীজ পরিদর্শককে এই বিধির অধীন সংরক্ষিত সব রেজিস্ট্রার এবং রেকর্ডপত্র পরিদর্শন এবং বীজের নমুনা সংগ্রহ করিবার অনুমতি প্রদান করিবে এবং যে সব শর্ত সাপেক্ষে প্রত্যয়নপত্র প্রদান করা হইয়াছিল সেই সকল শর্ত সঠিকভাবে পালন করা হইতেছে কিনা তাহা নির্ণয় করিবার উদ্দেশ্যে পরিদর্শকের চাহিদা মোতাবেক প্রয়োজনীয় তথ্যাদি সরবরাহ করিবে।
- (৭) প্রত্যয়নপত্র প্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান প্রত্যয়ন এজেন্সীর অনুরোধে বীজের প্রতিটি লট হইতে বা প্রত্যয়ন এজেন্সী কর্তৃক সময় নির্ধারিত উক্ত লট বা লটসমূহ হইতে পরীক্ষার জন্য চাহিদা মোতাবেক পর্যাপ্ত পরিমাণ বীজের নমুনা সরবরাহ করিবে।
- (৮) প্রত্যয়নপত্র প্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান দফা ৭ এর অধীন যে লট হইতে এজেন্সীকে নমুনা সরবরাহ করা হইয়াছে সেই লটের বীজ বিক্রয় করিতে বা বিক্রয়ের কোন পদক্ষেপ নিতে পারিবে না যতক্ষণ না প্রত্যয়ন এজেন্সী বিক্রয়ের নির্দেশ প্রদান করে।
- (৯) অধ্যাদেশের অধীন বীজ প্রত্যয়ন এজেন্সী কর্তৃক নির্দিষ্টকৃত বীজ মান অনুসারে প্রত্যয়নপত্র প্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের বীজের কোন লটের অংশ বিশেষের গুণগত মান বা বিশুদ্ধতা সঠিক পাওয়া যায়নি মর্মে নির্দেশ প্রদান করা হইলে, উক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান উক্ত লটের অবশিষ্ট বীজ বিক্রয় বন্ধ করিবে এবং বিশেষ পরিস্থিতিতে, সম্ভবপর হইলে, উক্ত লট হইতে ইতোমধ্যে বিক্রিত বীজসমূহ ফেরত লইবার ব্যবস্থা গ্রহণ করিবে।
- (১০) প্রত্যয়নপত্র প্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান অধ্যাদেশ এবং এই বিধিমালার বিধানসমূহ মানিয়া চলিবে এবং উক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান বীজ প্রত্যয়ন এজেন্সী কর্তৃক জারীকৃত নির্দেশনা জারির অনূর্ধ্ব ১ মাসের মধ্যে বাস্তবায়ন করিতে বাধ্য থাকিবে।

#### ১৪। আপীল

- (১) অধ্যাদেশের ধারা ১১ উপ-ধারা (১) এর অধীন প্রত্যেকটি আপীল লিখিত হইতে হইবে এবং ইহার সহিত প্রত্যয়ন এজেন্সীর যে সিদ্ধান্তের বিরুদ্ধে আপীল করা হইয়াছে তাহার একটি কপি সংযোজন করিতে হইবে এবং প্রতিটি সিদ্ধান্তের উপর আপত্তির কারণ, কোনো ব্যাখ্যা ও বিশ্লেষণ ব্যতিরেকে, সংক্ষিপ্ত ও সুনির্দিষ্টভাবে উল্লেখ করিতে হইবে।

(২) প্রত্যেক আপীল স্মারকের সঙ্গে পাঁচ শত টাকার ট্রেজারী চালানের রশিদ সংযোজন করিতে হইবে।

(৩) প্রত্যেক আপীল স্মারক আবেদনকারী কর্তৃক ব্যক্তিগতভাবে বা এতদুদ্দেশ্যে তৎকর্তৃক লিখিতভাবে দায়িত্বপ্রাপ্ত এজেন্টের মাধ্যমে বা রেজিস্ট্রি ডাকযোগে প্রেরণ করিতে হইবে।

#### ১৫। আপীল কর্তৃপক্ষের অনুসরণীয় কার্যপদ্ধতি

অধ্যাদেশের অধীন কোন আপীল নিষ্পত্তির ক্ষেত্রে বোর্ড কর্তৃক এতদুদ্দেশ্যে গঠিত আপীল কর্তৃপক্ষ The Code of Civil Procedure, 1908 (V of 1908) এর অধীন কোনো আদালত কোনো ডিক্রি বা আদেশের উপর সিদ্ধান্ত প্রদানের ক্ষেত্রে যে পদ্ধতি অনুসরণ করে সেই একই পদ্ধতি অনুসরণ করিবে।

#### ১৬। লেবেলিং বা মার্কিং

প্রতিটি সীলযুক্ত ধারক বা প্যাকেটে কোন জাত বা প্রজাতির প্রতিটি সীল করা বীজ বিক্রয় করিতে হইলে এই বিধিমালায় পরবর্তীতে নির্ধারিত বিধান অনুসরণে উহা লেবেল বা মার্ক করিতে হইবে।

#### ১৭। লেবেল বা মার্কে উল্লিখিত বিষয়সমূহ

প্রতিটি লেবেল বা মার্কে নিম্নবর্ণিত সুনির্দিষ্ট তথ্যাদি থাকিবে -

(ক) জাত বা প্রজাতির নাম;

(খ) বীজ লট নির্দেশক নম্বর;

(গ) বীজের অংকুরোদগম এবং বিশুদ্ধতার শতকরা হার ও অন্যান্য গুণাবলী;

(ঘ) মেট্রিক পদ্ধতিতে বীজের সঠিক ওজন বা সংখ্যা;

(ঙ) পরীক্ষার তারিখ;

(চ) মেয়াদ উত্তীর্ণ তারিখ;

(ছ) যদি ধারকের বীজ শোধিত হইয়া থাকে, তাহা হইলে উহাতে নিম্নবর্ণিত তথ্যাদি সংযুক্ত করিতে হইবে -

(অ) বীজ শোধন করা হইয়াছে মর্মে একটি বিবৃতি;

(আ) বীজে ব্যবহৃত রাসায়নিক এবং অন্যান্য দ্রব্যাদির বিবরণ;

(ই) যদি এমন কোন রাসায়নিক উপাদান দ্বারা বীজ শোধন করা হয় যাহা শোধনের পরও বীজে বিদ্যমান থাকে এবং উহা মানুষ অথবা স্তন্যপায়ী প্রাণীর জন্য ক্ষতিকর হইবে, তাহা হইলে একটি সতর্কীকরণ বিজ্ঞপ্তি, যেমন-“খাদ্য, পশু-খাদ্য বা ভোজ্য তেল হিসেবে ব্যবহার করা যাইবে না,” এবং মারকিউরেল ও বিষাক্ত দ্রব্যের জন্য অবশ্যই “বিষ” শব্দটি যা স্পষ্ট মুদ্রিত লাল লেবেলযুক্ত করে প্রদর্শন করিতে হইবে।

(জ) যে ব্যক্তি বীজ বিক্রয়ের প্রস্তাব করে, বিক্রয় করে বা অন্যভাবে সরবরাহ করে এবং যিনি গুণগত মানের জন্য দায়ী তাহার নাম ও ঠিকানা।

#### ১৮। ধারক মার্কিং ও লেবেলিংকরণ পদ্ধতি

(১) বীজের বিবরণ সম্বলিত মার্ক বা লেবেল বীজ ধারকের উপর বা যে ধারকে বীজ মোড়কবদ্ধ করা হইয়াছে তাহার সহিত সংযুক্ত ট্যাগ বা মার্ক বা লেবেলের উপর দৃষ্টিগ্রাহ্য স্থানে এবং মোড়ককৃত অন্য প্রতিটা ধারকের উপরে সংযুক্ত থাকিবে এবং উহা পাঠযোগ্য হইতে হইবে।

(২) উপ-ধারা (১) এ যাহা কিছুই থাকুক না কেন, শুধু প্যাকিং, পরিবহন কিংবা বিতরণের জন্য ব্যবহৃত কোন স্বেচ্ছ আবরণ বা কোন র‍্যাপার, খাঁচা বা অন্যান্য মোড়ক মার্কিং বা লেবেল করার প্রয়োজন হইবে না।

(৩) যে ক্ষেত্রে এই বিধিসমূহের কোনো বিধান দ্বারা ধারকের উপর কোনো লেবেলে কোনো বিবরণ প্রদর্শন করা প্রয়োজন হয়, সেক্ষেত্রে ঐ সকল বিবরণ লেবেলে প্রদর্শন না করে ধারকের গায়ে অমোচনীয় কালি দ্বারা প্রদর্শন করা যাইতে পারে।

১৯। মার্ক অথবা লেবেলে মিথ্যা বা বিভ্রান্তিকর তথ্য অন্তর্ভুক্ত না করা

মার্ক বা লেবেলে এমন কোনো বিবরণ, দাবি, নস্রা, কৌশল, চটকদার নাম বা শব্দ সংক্ষেপ থাকিতে পারিবে না যাহাতে ধারকে রক্ষিত বীজ সম্পর্কিত মিথ্যা অথবা বিভ্রান্তিকর কোনো বিবরণ প্রকাশ পায়।

২০। অর্ডিন্যান্স বা বিধিমালার সহিত অসঙ্গতিপূর্ণ কোনো বিবরণ মার্ক বা লেবেলে উল্লেখ না করা

মার্ক বা লেবেলে অধ্যাদেশের অথবা এই বিধিমালার কোনো বিধির উল্লেখ বা অধ্যাদেশ না ইহার কোনো বিধির দ্বারা আবশ্যকীয় কোনো বিবরণের উপর মন্তব্য, উল্লেখ, ব্যাখ্যা বা ঘোষণা থাকিবে না যাহা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে এইরূপ বিবরণ বা ঘোষণা ব্যত্যয় ঘটায়, সীমাবদ্ধ করে বা পরিবর্তন সাধন করে।

২১। দায়িত্বের অস্বীকৃতি

মার্ক বা লেবেলে বা ঘোষিত কোনো জাত বা প্রজাতির বীজের সাথে সংশ্লিষ্ট বিজ্ঞাপনে এমন কোনো বিবরণ থাকিবে না, যাহা অধ্যাদেশের দ্বারা বা ইহার অধীন মার্ক, লেবেল বা বিজ্ঞাপনে প্রদর্শিত হইবার বাধ্যবাধকতাকে অস্বীকার করে।

২২। অধ্যাদেশের ধারা ৭ এ উল্লিখিত বীজ ব্যবসায় নিয়োজিত কোনো ব্যক্তি কর্তৃক অনুসরণীয় শর্ত

(১) কোনো বীজ ডিলার ঘোষিত জাতের বা প্রজাতির বীজ ধারকের গায়ে মেয়াদ উত্তীর্ণ তারিখের পর বীজ বিক্রয়, বিক্রয়ের জন্য প্রস্তাব, মজুদ, বিনিময় বা অন্য কোনোভাবে বিতরণ করিতে পারিবে না।

(২) কোনো বীজ ডিলার বীজ ধারকের গায়ে মার্ক/লেবেল পরিবর্তন করিতে, মুছিতে বা বিকৃত করিতে পারিবে না।

(৩) কোনো বীজ ডিলার বীজ লটের সমস্ত বীজ বিক্রয়ের পর কমপক্ষে দুই বৎসর সেই লটের বিক্রিত বীজের সমুদয় তথ্য এমনভাবে সংরক্ষণ করিবেন যাহাতে সহজে পরিদর্শন করা যায় এবং প্রত্যয়ন ট্যাগের লেবেলে বীজ লট নম্বর দ্বারা সহজে চেনা যায় এবং পরিপূর্ণ তথ্যের অংশ হিসেবে বোর্ড কর্তৃক সময় সময় যেইরূপ নির্ধারণ করা হয় সেইরূপ পরিমাণ বীজের নমুনা রাখিবেন।

(৪) কোনো বীজ ডিলার অন্য কোনো নিবন্ধিত বীজ ডিলার বা তাহার নিবন্ধিত বীজের নাম বা ট্রেডমার্ক বীজ ধারকের লেবেলযুক্ত করিয়া বীজ বিক্রয় করিতে পারিবেন না।

(৫) কোনো বীজ ব্যবসায়ী প্রত্যয়ন এজেন্সী কর্তৃক লিখিতভাবে ক্ষমতাপ্রাপ্ত বীজ পরিদর্শককে বীজের নমুনা লইতে বা পোস্ট-কন্ট্রোল কার্যক্রম ও পরামর্শের জন্য তথ্য সংগ্রহ করিতে দিবে।

২৩। বীজ বিশ্লেষকের যোগ্যতা

কোনো ব্যক্তি বীজ বিশ্লেষক হিসেবে নিয়োগ লাভের যোগ্য হইবেন না, যদি তিনি সরকার কর্তৃক স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় থেকে কৃষিতে স্নাতক ডিগ্রী প্রাপ্ত না হন এবং বীজ প্রযুক্তি সম্পর্কিত কর্মক্ষেত্রে কমপক্ষে ৩ (তিন) বছরের অভিজ্ঞতা না থাকে।



## ২৪। বীজ বিশ্লেষকের দায়িত্ব

বীজ বিশ্লেষকের দায়িত্ব হইবে নিম্নরূপঃ

- (ক) বিশ্লেষণের জন্য বীজের নমুনা গ্রহণকালে অধ্যাদেশের ধারা ১৫ এর উপ-ধারা (১) এর দফা (খ) অনুসারে মার্ক ও সিলযুক্ত আছে কিনা বা বাধন অক্ষুন্ন আছে কিনা তাহা নিশ্চিত করা;
- (খ) অধ্যাদেশ ও এই বিধিমালার বিধানাবলী অনুসারে বীজ নমুনা বিশ্লেষণ করা;
- (গ) বীজ বিশ্লেষণের ফলাফলের প্রতিবেদন বীজ প্রত্যয়ন এজেন্সীকে এবং উহার কপি যে সকল ব্যক্তি, খামার বা এজেন্সির নিকট হইতে নমুনা সংগ্রহ করা হইয়াছে তাহাদেরকে সরবরাহ করা;
- (ঘ) বীজ বিশ্লেষক বীজ পরীক্ষার ফলাফল সম্পর্কিত তাহার কর্মকাণ্ডের মাসিক ও বাৎসরিক প্রতিবেদন বোর্ডের নিকট প্রেরণের জন্য প্রত্যয়ন এজেন্সীতে পাঠানো;
- (ঙ) বীজ বিশ্লেষণ ও ফলাফল বিতরণের মধ্যে সময় স্বল্পতার ক্ষেত্রে টেলিগ্রাম ও বার্তাবাহকের মাধ্যমে বীজ লটের নিম্নমানের ফলাফল যে ব্যক্তির নিকট হইতে বীজ নমুনা সংগ্রহ করা হইয়াছে তাহাকে অবহিত করা।

## ২৫। বীজ পরিদর্শকের যোগ্যতা

কোনো ব্যক্তি বীজ পরিদর্শক হিসেবে নিয়োগ লাভের যোগ্য হইবেন না, যদি তিনি সরকার কর্তৃক স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় থেকে কৃষিতে স্নাতক ডিগ্রি প্রাপ্ত না হন এবং বীজ প্রযুক্তি সম্পর্কিত কর্মকাণ্ডে কমপক্ষে ৩ (তিন) বছরের অভিজ্ঞতা না থাকে।

## ২৬। বীজ পরিদর্শকের দায়িত্ব

অধ্যাদেশে নির্ধারিত দায়িত্ব ছাড়াও একজন পরিদর্শক নিম্নরূপ দায়িত্ব পালন করিবেনঃ

- (ক) বীজ প্রত্যয়ন প্রক্রিয়ার আওতায় যে সকল স্থানে কোনো জাত বা প্রজাতির বীজ উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, মজুদ বা বিক্রয় করা হয় সে সকল স্থানে বীজ প্রত্যয়ন এজেন্সীর প্রয়োজনানুসারে প্রায়শঃ পরিদর্শন করিবেন;
- (খ) প্রত্যয়নের সকল শর্ত যথাযথভাবে অনুসৃত হইতেছে মর্মে নিজে সন্তুষ্ট হইবেন;
- (গ) অধ্যাদেশ বা এই বিধিমালার বিধানাবলী লংঘন করিয়া কোনো শ্রেণীর বীজ উৎপাদন, মজুদ বা বিক্রয়ের জন্য প্রদর্শিত হইতেছে মর্মে সন্দেহের উদ্বেক হইলে প্রয়োজনবোধে নমুনা সংগ্রহ করিয়া বিশ্লেষণের জন্য প্রেরণ করিবেন;
- (ঘ) অধ্যাদেশ বা এই বিধিমালার বিধানাবলী লংঘন সম্পর্কিত তাহার নিকট লিখিত অভিযোগ সম্পর্কে তদন্ত করিবেন;
- (ঙ) নমুনা সংগ্রহ এবং জন্দকরণসহ তাহার দায়িত্ব পালনাবস্থায় সকল পরিদর্শন ও তৎকর্তৃক গৃহীত ব্যবস্থার রেকর্ড সংরক্ষণ করিবেন এবং উহার কপি এতদলক্ষ্যে যেরূপ নির্দেশ প্রাপ্ত হন, প্রত্যয়ন এজেন্সী, সংশ্লিষ্ট ব্যক্তিদের বা খামার (Firms) গুলিতে সরবরাহ করিবেন;
- (চ) সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত, হইলে আমদানিকৃত কোনো ধারকে (কন্টেইনারে) অধ্যাদেশ বা এই বিধিমালার বিধানাবলী অনুসারে আমদানি করা নিষিদ্ধ এবং উহার পরিপন্থী কোন বীজ রহিয়াছে মর্মে সন্দেহের কারণ দেখা দিলে কন্টেইনারটি আটক করিবেন;
- (ছ) অধ্যাদেশ বা এই বিধিমালার বিধান ভঙ্গ করিলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিবেন; এবং
- (জ) সরকার এবং বোর্ড কর্তৃক ন্যস্ত এইরূপ অন্যান্য দায়িত্ব পালন করিবেন।

## ২৭। বীজ নমুনা ও হ্যাণ্ডলিং এর ধরন

বোর্ড কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে বীজ বিশ্লেষণের উদ্দেশ্যে কোনো শ্রেণীর বীজের জাত বা প্রজাতির নমুনা পরিষ্কার শুকনো পাত্রে সংগ্রহ করিতে হইবে এবং যথেষ্ট শক্ত করে বন্ধ করিতে হইবে যাহাতে উহা নিচ্ছিন্ন থাকে ও বাহিরের আর্দ্রতা প্রবেশ করিতে না পারে এবং সতর্কতার সহিত সীলগালা করিতে হইবে।

## ২৮। ধারকের গায়ে লেবেল ও ঠিকানা সংযুক্তকরণ

বিশ্লেষণের জন্য নমুনা সম্বলিত বীজ ধারক সঠিকভাবে লেবেলযুক্ত করিতে হইবে এবং পার্সেলের ঠিকানা সঠিক হইতে হইবে। বিশ্লেষণের জন্য প্রেরিত নমুনা ধারকের লেবেলে নিম্নোক্ত তথ্যাদির উল্লেখ থাকিতে হইবে -

- (ক) ক্রমিক নম্বর;
- (খ) অফিসের পদবীসহ প্রেরকের নাম;
- (গ) যাহার নিকট হইতে নমুনা সংগ্রহ করা হইয়াছে তাহার নাম;
- (ঘ) নমুনা সংগ্রহের তারিখ ও স্থান;
- (ঙ) বিশ্লেষণের জন্য প্রেরিত বীজের জাত এবং প্রজাতি;
- (চ) বীজের পরিমাণ; এবং
- (ছ) বীজ নমুনায় সংযোজিত প্রিজারভেটিভের, যদি থাকে, ধরন ও পরিমাণ।

## ২৯। নমুনা মোড়কবদ্ধ, বাধা এবং সীলকরণের পদ্ধতি

বিশ্লেষকের জন্য প্রেরিত বীজের নমুনা নিম্নবর্ণিত পদ্ধতিতে মোড়কবদ্ধ করিতে, বাধিতে এবং সীলমোহর করিতে হইবে -

- (ক) প্রথমতঃ পরিবহনের সময় বীজাধারের ছিপি সতর্কতার সহিত এমনভাবে বন্ধ করিতে হইবে যাহাতে কোনরূপ ফাঁক না থাকে;
- (খ) পরবর্তীতে পাত্রটি বেশ শক্ত পুরু কাগজ দ্বারা সম্পূর্ণভাবে মোড়াইতে হইবে এবং কাগজের প্রান্ত পরিচ্ছন্নভাবে ভাঁজ করিয়া গাম বা অন্য কোন আঠালো দ্রব্য দ্বারা আটকাতে হইবে;
- (গ) কাগজের মোড়কটি পুনরায় শক্ত তার ও সূতা দ্বারা লম্বালম্বি ও আড়াআড়ি দৃঢ়ভাবে বাধিতে হইবে এবং অতঃপর উক্ত তার বা সূতা সীলগালার মাধ্যমে কাগজের মোড়কের উপর ঐটে দিতে হইবে যাহার উপর প্রেরণকারীর কমপক্ষে চারটি পৃথক ও স্পষ্ট সীলমোহর থাকিবে, যেগুলির একটি মোড়কের উপরে, একটি নিচে এবং অন্য দুটি মোড়কের গায়ে থাকিবে। তার বা সূতার গিরাসমূহ সীলগালা দ্বারা ঢাকিয়া দিতে হইবে এবং উহাতে প্রেরকের সীল মোহর থাকিবে।

## ৩০। আদেশের ফরম

অধ্যাদেশের ধারা ১৪ এর উপ-ধারা (১) এর দফা (গ) এর অধীন বীজ পরিদর্শক কর্তৃক ফরম ৭ এ লিখিতভাবে আদেশ প্রদান করিতে হইবে।

## ৩১। রেকর্ডপত্র গ্রহণ ফরম

কোনো বীজ পরিদর্শক কোন রেকর্ড, রেজিস্ট্রার, ডকুমেন্ট বা অন্য কোনো মালামাল জব্দ করিলে সংশ্লিষ্ট ব্যক্তিকে ফরম ৮ এ একটি রশিদ প্রদান করিবেন।

**৩২। বীজ বিশ্লেষকের নিকট নমুনা প্রেরণ পদ্ধতি**

বীজ বিশ্লেষকের ঠিকানা সম্বলিত কভারের মধ্যে বীজ বিশ্লেষণের জন্য প্রেরিত নমুনা ধারক ফরম ৯ এ একটি স্মারক পত্রের সহিত সীলগালা করিয়া রেজিস্ট্রি ডাকে অথবা হাতে হাতে প্রেরণ করিতে হইবে।

**৩৩। স্মারক পত্র এবং সীলের ছাপ পৃথকভাবে প্রেরণ**

স্মারক পত্রের কপি এবং সীলের নমুনা ছাপ পৃথকভাবে বীজ বিশ্লেষকের নিকট রেজিস্ট্রি ডাকযোগে প্রেরণ করিতে হইবে বা তাহাকে তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তিকে হাতে হাতে বিলি করিতে হইবে।

**৩৪। নমুনায় প্রিজারভেটিভ সংযোজন**

অধ্যাদেশের অধীন বীজ পরীক্ষার উদ্দেশ্যে বীজ নমুনা সংগ্রহকারী কোন পরিদর্শক নমুনা পর্যবেক্ষণের যথোপযুক্ত অবস্থা বজায় রাখিতে সময় সময় যেরূপ নির্ধারণ করা হয় সেরূপ একটি প্রিজারভেটিভ বীজ নমুনায় সংযোজন করিতে পারিবেন।

**৩৫। লেবেলে প্রিজারভেটিভের ধরন ও পরিমাণ উল্লেখ**

কোনো নমুনায় প্রিজারভেটিভ সংযোজন করা হইলে, সংযোজিত প্রিজারভেটিভের ধরন ও পরিমাণ স্পষ্টভাবে ধারকের গায়ে সংযুক্ত লেবেলে উল্লেখ করিতে হইবে।

**৩৬। নমুনা বিশ্লেষণ**

প্যাকেট প্রাপ্তির পর বীজ বিশ্লেষক বা তৎকর্তৃক এতদুদ্দেশ্যে লিখিতভাবে ক্ষমতাপ্রাপ্ত অফিসার উহা খুলিবেন এবং প্যাকেটের উপরের সীল মোহরের অবস্থা রেকর্ড করিবেন।

**৩৭। নোটিশের ফরম**

কোনো ব্যক্তির নিকট হইতে বীজ পরিদর্শক নমুনা সংগ্রহ করিতে চাইলে, সেই ব্যক্তিকে অধ্যাদেশের ধারা ১৫ এর উপ-ধারা (১) এর দফা (ক) এর অধীন ফরম ১০ এ নোটিশ প্রদান করিতে হইবে।

**৩৮। রিপোর্টের ফরম**

অধ্যাদেশের ধারা ১৫ এর উপ-ধারা (১) বা (২) এর অধীন বীজ বিশ্লেষণের ফলাফলের রিপোর্ট ফরম ১১ এ বিলি বা প্রেরণ করিতে হইবে।

**৩৯। ফিস**

অধ্যাদেশের ধারা ১৬ এর উপ-ধারা (২) এর অধীন বীজ পরীক্ষাগারের রিপোর্টের জন্য পরীক্ষিত বীজের নমুনা প্রতি প্রদেয় ফিস সরকারের পূর্বানুমোদনক্রমে বোর্ড কর্তৃক সময় নির্ধারিত হইবে।

**৪০। নমুনা সংরক্ষণ**

অধ্যাদেশের ধারা ১৫ এর উপ-ধারা (২) এর দফা গ এর অধীন বীজের নমুনা জীবনীশক্তি হারানো জনিত ক্ষতি দূরীকরণার্থে ঠান্ডা ও শুষ্ক পরিবেশে এবং পোকা-মাকড় বা ইঁদুররোধক ধারকে সংরক্ষণ করিতে হইবে। প্রতিটি ধারক উপযুক্ত কীটনাশক দ্বারা পরিশোধিত করিতে হইবে এবং পোকা-মাকড়ের উপদ্রব এড়াইবার জন্য বীজ সংরক্ষণ কক্ষকে ধোঁয়ার সাহায্যে জীবানুমুক্ত করিতে হইবে। প্রতিটি নমুনা ওদামজাত করিবার পূর্বে সুষম ও সমআকৃতির উৎকৃষ্টমানের ধারকে মোড়কজাত করিতে হইবে।

**৪১। স্মারকের ফরম**

অধ্যাদেশের ধারা ১৪ এর উপ-ধারা (৪) এর অধীন ফরম ১২ এ স্মারক প্রস্তুত করিতে হইবে।

ফরম ১  
(বিধি ৭ দ্রষ্টব্য)

ঘোষিত ফসলের জাত বা প্রজাতির নিবন্ধন ফরম

অংশ-১ : প্রস্তাবিত জাত/কাল্টিভার (Variety/cultivar) এর কারিগরি তথ্য

- ১। আবেদনকারীর নাম ও ঠিকানা (নতুন জাতের উন্নয়নের জন্য দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি):
- ২। ক) যে জাত হইতে নতুন জাতের উদ্ভব হইয়াছে উহার উদ্ভিদতাত্ত্বিক নাম:
  - খ) স্টেশন নম্বর :
  - গ) প্রস্তাবিত প্রচলিত নাম:
- ৩। জাত/কাল্টিভার এর উৎস :
  - ক) সূচনা :
  - খ) উৎস দেশ :
  - গ) মূল স্টেশন নম্বর :
  - ঘ) বংশ পরিচয় নম্বর :
  - ঙ) শতকরা হার :
- ৪। নতুন জাতের পরিবেশগত (Ecological) চাহিদা:
  - ক) মৌসুম :
  - খ) মৃত্তিকা :
  - গ) পানি :
  - ঘ) অন্য কোন তথ্য :
- ৫। নতুন জাতের কৃষিতাত্ত্বিক (Agronomical) চাহিদা:
  - ক) চাষ পদ্ধতি :
  - খ) প্রতি হেক্টরে বীজের হার :
  - গ) রোপন দূরত্ব :
  - ঘ) প্রতি হেক্টরে গাছের সংখ্যা :
  - ঙ) প্রতি হেক্টরে সারের প্রয়োজনীয়তা:
  - চ) মাঠে ফসলের জীবনকাল/মেয়াদ :  
(বীজ হইতে বীজ)
- ৬। পণ্য ব্যবহারের জন্য যদি বিশেষ প্রক্রিয়াজাতকরণের প্রয়োজন হয়, তাহা হইলে উহার বিবরণ:
- ৭। শস্যের ব্যবহারযোগ্য অংশের মান:
- ৮। রোগ ও পোকাকার প্রতিক্রিয়ার উপর কোনো পরীক্ষা করা হইয়া থাকিলে উহার বিবরণ:
  - ক) প্রাকৃতিক (পরীক্ষিত মৌসুম/বৎসরের সংখ্যা):
  - খ) কৃত্রিম:
- ৯। নতুন জাতের অন্য কোন বিশেষ বৈশিষ্ট্যের বর্ণনা:

১০। নিম্নলিখিত পরীক্ষাগুলো হইয়া থাকিলে উহার বর্ণনাঃ

- ক) অগ্রিম ফলন পরীক্ষা :
- খ) আঞ্চলিক ফলন পরীক্ষাঃ
- গ) কৃষিতাত্ত্বিক পরীক্ষা :
- ঘ) খামারে ফলন পরীক্ষা :

১১। অতিরিক্ত তথ্যাবলী :

### অংশ - ২: প্রজাতির সংক্ষিপ্ত প্রতিবেদন

১। ক) প্রজনন দ্রব্যের উৎস :

খ) প্রজাতি উন্নয়নের পদ্ধতিঃ

২। ক) নতুন প্রজাতির সামগ্রিক অঙ্গসংস্থান (Morphology):

খ) কাল্টিভারের প্রামাণিকতা সনাক্তকারী বৈশিষ্ট্যঃ

৩। ক) কৃষি-পরিবেশ অঞ্চলে (Agro-Ecological Zone) জাতটির উপযুক্ততাঃ

খ) উপযুক্ত শস্য বিন্যাসের বর্ণনা, যদি থাকেঃ

৪। সার এবং পানি ব্যবস্থাপনাসহ অনুকূল চাষ পরিচর্যার বর্ণনাঃ

ক) রোপন :

খ) সার প্রয়োগ :

গ) পানি ব্যবস্থাপনা :

৫। ক) আদর্শ ফলন পরীক্ষার ফলাফল এবং নতুন প্রজাতি সম্পর্কে তাহাদের ব্যাখ্যা। আদর্শ ফলন পরীক্ষার ফলাফল উক্ত বছরে স্থানভিত্তিক চলমান সর্বোত্তম জাতের তুলনীয় বৈশিষ্ট্যের সাথে ফলন পার্থক্য সুস্পষ্টভাবে পরিচিত করিয়া দিবে (২-৩ মৌসুম/বছরের ফলাফলসহ)ঃ

খ) কোনো প্রজাতি প্রত্যাহারের পরামর্শ থাকিলে তাহার নামঃ

৬। শস্য সংগ্রহ পদ্ধতিঃ

৭। ক) প্রক্রিয়াজাতকরণ এবং গুদামজাতকরণের পদ্ধতি (কোন নতুন/পদ্ধতির প্রয়োজন হইলে তাহার বর্ণনা)ঃ

খ) গুদামজাতকরণ পরীক্ষার ফলাফলঃ

১) প্রাকৃতিক অবস্থায়ঃ

২) শীতাতপাবস্থায় (বিশেষ প্রকার/পদ্ধতি)ঃ

৮। ক) ভৌত উপাদান (আকার, আকৃতি, দানা, ওজন ইত্যাদি)ঃ

আকার/আকৃতিঃ

বুনট (Texture)ঃ

বর্ণঃ

হাজার দানার ওজন (গ্রাম)ঃ

বীজের সুগুতাঃ

খ) রাসায়নিক উপাদান, পুষ্টিগত অবস্থা এবং রান্নার উপযোগিতা (ভোজ্য দ্রব্যের ক্ষেত্রে)ঃ

গ) পুনরুদ্ধারের অনুপাত (Recovery ratio) (যেখানে প্রযোজ্য)ঃ

ঘ) ভাঙ্গা চালের অনুপাত (যেখানে প্রযোজ্য):

৯। রোগ-বালাইয়ের প্রতিক্রিয়া:

১০। বীজ হিসাবে ব্যবহৃত উদ্ভিদের অংশ:

১১। ক) বীজ উৎপাদনের পদ্ধতি (মুক্ত পরাগায়িত জাত বা হাইব্রিডের জন্য গৃহীতব্য বিশেষ সতর্কতা, পৃথকীকরণ মান, বীজের জীবনীশক্তি ১২ মাস পর্যন্ত বর্ধিতকরণ এবং বিশেষ গুদামজাতকরণের প্রয়োজনীয়তা):

খ) অঙ্গসংস্থানগতভাবে (Morphologically) অপ্রভেদযোগ্য জাত/জাতসমূহের তালিকা:

১২। ক) কে এবং কোথায় প্রজননবিদের/মৌল বীজ উৎপাদন করবে?

খ) মৌসুমওয়ারী/বাৎসরিক কি পরিমাণ প্রজনন/মৌল বীজ সরবরাহ করা যেতে পারে।

গ) কে ভিত্তি বীজ ও প্রত্যায়িত বীজ উৎপাদন করবে এবং উৎপাদনকারীর মতামত নেয়া হয়েছে কি না?

ঘ) ডিএই যখন কৃষকের মাঠে জাত উন্নয়ন সংস্থার সহযোগিতায় প্রদর্শনী গ্রহণে সমর্থ হবে তখন কতগুলো প্রদর্শনী করতে হবে?

ঙ) উপরে উল্লিখিত সব তথ্য ও ফসল সংগ্রহোত্তর এবং বীজ উৎপাদন সম্বলিত একটি বাংলা প্রযুক্তি অনুলিপি এতদসঙ্গে সংযোজিত হইল।

আবেদনকারীর দস্তখত

(সীল)

(বোর্ডের সদস্য-সচিবের নিকট দাখিল করতে হবে)

ফরম ২  
(বিধি ৮ দ্রষ্টব্য)

বীজ ব্যবসায়ীদের জন্য রেজিস্ট্রেশন ফরম

প্রাপক,

সদস্য-সচিব  
জাতীয় বীজ বোর্ড  
কৃষি মন্ত্রণালয়

১। নাম :

২। পিতার নাম :

৩। ঠিকানা :

ক) বর্তমান ঠিকানাঃ

খ) স্থায়ী ঠিকানা :

গ) বীজের দোকানের নাম ও ঠিকানাঃ

৪। জন্ম তারিখ/বয়সঃ

৫। কাজের ধরন (উৎপাদনকারী, ব্যবসায়ী, আমদানিকারক, বীজ ব্যবসায়ী)ঃ

৬। কাজের পরিমাণ (টন)..... উৎপাদন;.....বিক্রয়;.....আমদানি  
(বিগত দুই বৎসর)।

৭। বীজ ব্যবসার অভিজ্ঞতা ..... বৎসর (যে কোন অফিস থেকে/সরকারী প্রতিষ্ঠান বা  
এজেন্সীর প্রত্যয়নপত্র সংযুক্ত করিতে হইবে)।

৮। পছন্দের বিষয় (বীজ সম্পর্কিত)ঃ

৯। কোম্পানীর রেজিস্ট্রেশন/ব্যবসায়ের লাইসেন্স নম্বর (যদি থাকে অনুলিপি সংযুক্ত করিতে হইবে)ঃ

১০। এতদসম্পর্কিত অন্য যে কোন তথ্যঃ

আবেদনকারীর স্বাক্ষর  
(সীল)

ফরম ৩  
(বিধি ১০ দ্রষ্টব্য)

বীজ প্রত্যয়নের আবেদন পত্র  
(প্রথম অংশ)

ক্রমিক নম্বর .....

রেজিস্ট্রেশন নম্বর .....

জেলা এবং ক্রমিক নম্বর .....

১। আবেদনকারীর নামঃ

২। জাতসহ ফসলের নামঃ

৩। গ্রাম.....

ইউনিয়ন.....

ডাকঘর.....

থানা.....

জেলা.....

৪। প্লটের অবস্থানঃ

	মৌজা	প্লট নম্বর	জমির পরিমাণ (একরে)	জাত	ফসল কর্তনের সম্ভাব্য তারিখ
ক					
খ					
গ					
ঘ					
ঙ					
চ					

৫। পূর্বের রেজিস্ট্রেশন নম্বর/বীজ প্রত্যয়ন এজেন্সীর ক্রমিক নম্বর (যদি থাকে)ঃ

৬। বপনতব্য বীজের উৎস (ট্যাগ নম্বর এবং ট্যাগের অন্যান্য তথ্য উল্লেখ করিতে হইবে)ঃ

৭। কোন শ্রেণীর বীজ উৎপাদন করা হইবে (মৌল/ভিত্তি/প্রত্যায়িত)ঃ

৮। বপন/রোপনের তারিখঃ

আবেদনকারীর স্বাক্ষর  
(সীল)



(দ্বিতীয় অংশ)

অধিকারপ্রাপ্ত কর্মকর্তা/বীজ উৎপাদন প্রতিষ্ঠানের প্রতিনিধি/বীজ উৎপাদন কোম্পানী কর্তৃক এসসিএ'র নিকট সরবরাহের তথ্যাবলী

১। বপন/রোপনের পূর্বে (কর্মসূচি)

উৎপাদন বৎসর	বীজ উৎপাদন খামার/ জোন অথবা এরিয়ার নাম	রুক/সাব এরিয়ার নাম	ফসলের নাম	ফসলের জাত	যে শ্রেণীর বীজ উৎপাদন করা হইবে	বীজ উৎপাদন এরিয়া (হেঃ)	বীজ উৎপাদন (কেজি)
----------------	-------------------------------------------	------------------------	--------------	--------------	-----------------------------------	----------------------------	----------------------

২। বপন/রোপন সমাপ্তির পর

উৎপাদন বৎসর	বীজ উৎপাদন খামার/জোন অথবা এরিয়ার নাম	রুক/সাব- এরিয়ার নাম	গ্রাম, ইউনিয়ন এবং থানা	ফসলের নাম	ফসলের জাত	যে শ্রেণীর বীজ উৎপাদন করা হইবে	বীজের উৎস	উৎপাদকের নাম	পুট নম্বর	বীজ উৎপাদন এরিয়া (হেঃ)	রোপনের তারিখ
----------------	---------------------------------------------	----------------------------	-------------------------------	--------------	--------------	--------------------------------------	--------------	-----------------	--------------	----------------------------	-----------------

৩। ফুল আসার পর

উৎপাদন বৎসর	বীজ উৎপাদন খামার/জোন অথবা এরিয়ার নাম	রুক/সাব - এরিয়ার নাম	গ্রাম, ইউনিয়ন এবং থানা	ফসলের নাম	ফসলের জাত	যে শ্রেণীর বীজ উৎপাদন করা হইবে	বীজের উৎস	উৎপাদকের নাম	পুট নম্বর	বীজ উৎপাদন এরিয়া (হেঃ)	সম্ভাব্য ফসল কর্তনের তারিখ
----------------	---------------------------------------------	-----------------------------	-------------------------------	--------------	--------------	--------------------------------------	--------------	-----------------	--------------	-------------------------------	----------------------------------

৪। ফসল কর্তনের পর

বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্রের নাম/ জোন এবং বীজ সংরক্ষণাগারের স্থান	বীজ সংগ্রহের বৎসর	বীজ উৎপাদনের বৎসর	উৎপাদন, এরিয়া বা স্থানের নাম	ফসলের নাম	ফসলের জাত	বীজের শ্রেণী	প্রতিষ্ঠান/কোম্পানী কর্তৃক প্রদত্ত লট নম্বর	লটে বীজের পরিমাণ (টন)
---------------------------------------------------------------------------	-------------------------	----------------------	----------------------------------	--------------	--------------	-----------------	------------------------------------------------	-----------------------------

অধিকারপ্রাপ্ত কোম্পানী/প্রতিষ্ঠানের প্রতিনিধির  
স্বাক্ষর ও সীল

ফরম ৪  
(বিধি ১২ দ্রষ্টব্য)

গ্রহণাদেশ

রিপোর্ট নম্বর.....

তারিখ .....

ঠিকানা.....

রেজিস্ট্রেশন নম্বর .....

.....

.....

আবেদন পত্রের নম্বর .....

ফসলের নাম.....

জাত.....

রেজিস্ট্রেশন নম্বর .....

ব্যবহৃত বীজের শ্রেণী.....

প্লট নম্বর .....

জমির পরিমাণ (হেঃ).....

পূর্ববর্তী ফসলের নাম .....

বপন/রোপনের তারিখ.....

কোন শ্রেণীর বীজ উৎপাদন করা হবে : প্রজনন/মৌল..... ভিত্তি.....

প্রত্যায়িত .....

এই পরিদর্শনে বীজ ফসলের পর্যায় .....

সম্ভাব্য ফসল কর্তনের তারিখ .....

পৃথকীকরণ দূরত্ব (মিটার) .....

বীজ বাহিত রোগের নাম .....

অন্য ফসলের গাছ.....

আগাছা (প্রকার এবং সংখ্যা).....

ফরম ৪ (চলমান)

মাঠ গণনা

শতকরা হার	গাছ/শিষের সংখ্যা				
	গণনার সংখ্যা	অফ টাইপ/ অন্য জাত	অন্য ফসল	আপত্তিকর আগাছা	বীজ বাহিত রোগাক্রান্ত গাছ
অফ টাইপ:	১				
অন্য জাত:	২				
অন্য ফসল:	৩				
বীজ বাহিত	৪				
রোগাক্রান্ত গাছ:	৫				
	৬				
	৭				
	৮				
	৯				
	১০				

ইহা কি চূড়ান্ত প্রতিবেদন?.....

প্রতি হেক্টরে বীজের সম্ভাব্য ফলনঃ.....

উৎপাদক অথবা তার প্রতিনিধি কি পরিদর্শনের সময় উপস্থিত ছিল? .....

প্রত্যায়নের জন্য এই ফসল কি মান নিশ্চিত করে?.....

মন্তব্যঃ.....

কত হেক্টর জমি মাঠ মান নিশ্চিত করে .....

.....

পরিদর্শনের তারিখ .....

উৎপাদক/চাষীর স্বাক্ষরঃ

তারিখ .....

বহিরাংগন কর্মকর্তার স্বাক্ষর

ফর্ম ৫  
(বিধি ১২ দ্রষ্টব্য)

বাতিলাদেশ

মেসার্স:..... তারিখ:.....  
ডাকঘর: .....  
গ্রাম: ..... ইউনিয়ন: .....  
থানা:..... জেলা : .....

জনাব,

ইহা অতি দুঃখের সহিত জানানো যাইতেছে যে,.....জাতের .....  
একর.....নম্বর প্লট.....পরিদর্শনে নির্ধারিত মাঠ মান নিশ্চিত না হওয়ায়  
বাতিল করা হইল।

নিম্নবর্ণিত নির্ধারিত মাঠ মানের বিষয়গুলি মাঠে বিস্তারিত পর্যবেক্ষণপূর্বক বীজ মাঠ বাতিল নিশ্চিত করা  
হয়েছে:

- (ক) পৃথকীকরণ দূরত্ব : .....
- (খ) অন্য জাতের মিশ্রণ: .....
- (গ) অন্য ফসলের মিশ্রণ: .....
- (ঘ) আপত্তিকর আগাছা: .....
- (ঙ) গমের লুজ স্মাট বা এবং পৃথকীকরণ:.....
- (চ) ফসলের পূর্ব ইতিহাস: .....
- (ছ) অতিরিক্ত বীজ বাহিত রোগ:.....

বহিরাংগন কর্মকর্তার সুপারিশ

..... ইহা নিশ্চিত করে যে, বাতিলকৃত প্লট থেকে উৎপাদিত ফসল  
কোনক্রমেই বীজ হিসেবে ব্যবহার করা যাবে না। তবে বীজ ব্যতীত অন্য উদ্দেশ্যে ব্যবহার করা যাবে।

মিশ্রণ, আগাছা এবং রোগাক্রান্ত গাছ বীজ মাঠ থেকে উঠিয়ে ফেলার ব্যবস্থা নিতে হবে এবং পুনঃ মাঠ  
পরিদর্শন করতে হবে।

বীজ পরিদর্শকের স্বাক্ষর:

প্রতিবেদনের তারিখ:

অনুলিপি : উৎপাদক/আঞ্চলিক বহিরাংগন কর্মকর্তা/পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী।

ফরম ৬  
(বিধি ১৩ দ্রষ্টব্য)

বীজ প্রত্যয়ন

ট্যাগ নম্বর: .....

ফসল: .....

জাত: .....

এই বীজ বাংলাদেশের জাতীয় বীজ বোর্ড কর্তৃক প্রণীত স্ট্যান্ডার্ড বা মান মোতাবেক উৎপাদিত।

পরিচালক  
বীজ প্রত্যয়ন এজেন্সী

প্রত্যায়িত বীজ মান

বিশুদ্ধতা (সর্বনিম্ন) ..... %

অন্য বীজ (সর্বোচ্চ) ..... %

আগাছার বীজ (সর্বোচ্চ) ..... সংখ্যা/কেজি

জড় পদার্থ (সর্বোচ্চ) ..... %

অংকুরোদগম (সর্বনিম্ন) ..... %

ফরম ৭  
(বিধি ৩০ দ্রষ্টব্য)

আদেশ ফরম

প্রতি,

(ব্যবসায়ীর নাম ও ঠিকানা)

.....  
.....  
.....

যেহেতু আপনার তত্ত্বাবধানে নিম্নবর্ণিত বীজের রক্ষণাবেক্ষণ বিধি এবং বীজ অধ্যাদেশ, ১৯৭৭ (১৯৭৭ সনের ৩৩ নং অধ্যাদেশ) এর ধারা ৬ এর বিধান লংঘিত হইয়াছে বলিয়া আমি মনে করি।

সেহেতু আমি বীজ অধ্যাদেশ, ১৯৭৭ (১৯৭৭ সনের ৩৩ নং অধ্যাদেশ) এর ১৪ (১) (গ) এর বিধান মোতাবেক উক্ত বীজের স্টক অদ্য .....১৯.....ইং তারিখ হইতে ..... দিনের মধ্যে হস্তান্তর না করাসহ নিম্নলিখিত ত্রুটিগুলি মুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ করিতেছি।

.....  
.....  
.....  
.....

স্থান .....

তারিখ .....

বীজ পরিদর্শক  
(সীল)

বীজের স্টক বিবরণীঃ

.....  
.....  
.....

তারিখ .....

বীজ পরিদর্শক  
(সীল)

ফরম ৮  
(বিধি ৩১ দ্রষ্টব্য)

রেকর্ড সংরক্ষণের জন্য গৃহীত ফরম

প্রতি,

.....  
.....  
.....

বীজ অধ্যাদেশ, ১৯৭৭ (১৯৭৭ সনের ৩৩নং অধ্যাদেশ) এর ধারা ১৪ (১) এর বিধান মোতাবেক নিম্নে  
বর্ণিত তথ্যাবলী .....

.....  
.....  
..... এর আঙ্গিনা হইতে অদ্য জন্ম করা হইল।

অবস্থান .....

স্থান .....

বীজ পরিদর্শক  
(সীল)

রেকর্ডের বিস্তারিত বিবরণঃ

.....  
.....  
.....

তারিখ .....

বীজ পরিদর্শক  
(সীল)

ফরম ৯  
(বিধি ৩২ দ্রষ্টব্য)

বীজ বিশ্লেষকের নিকট নমুনা প্রেরণের ফরম

প্রতি,

বীজ বিশ্লেষক

.....  
.....  
.....

বীজ অধ্যাদেশ, ১৯৭৭ (১৯৭৭ সনের ৩৩ নং অধ্যাদেশ) এর ১৪ (১) (ক) এবং/বা ১৫ (২) (খ) ও (গ) এ বর্ণিত বিধান মোতাবেক নিম্নে উল্লেখিত বীজ নমুনাগুলো পরীক্ষা করার নিমিত্তে এতদসঙ্গে প্রেরিত হইল।

১। নমুনার ক্রমিক নং:.....

২। নমুনা সংগ্রহের তারিখ ও স্থান:.....

৩। দাখিলকৃত বীজ নমুনার পরীক্ষার বিবরণ:

.....  
.....

তারিখ .....

বীজ পরিদর্শক  
(সীল)



ফরম ১০  
(বিধি ৩৭ দ্রষ্টব্য)

নোটিশ ফরম

প্রতি,

.....  
.....  
.....

এতদ্বারা আপনাকে অবগত করানো যাচ্ছে যে, বীজ অধ্যাদেশ, ১৯৭৭ (১৯৭৭ সনের ৩ নং অধ্যাদেশ) এর ১৫ (১) (ক) এর প্রচলিত বিধান মোতাবেক আপনার গুদামের (Stock) বীজ পরীক্ষার/বিশ্লেষণের উদ্দেশ্যে উক্ত গুদাম হইতে বীজ নমুনা সংগ্রহের জন্য আমি নিম্নস্বাক্ষরকারী একান্তভাবে ইচ্ছা পোষণ করিতেছি।

তারিখ .....

বীজ পরিদর্শক  
(সীল)

ফরম ১১  
(বিধি ৩৮ দ্রষ্টব্য)

বীজ পরীক্ষার রিপোর্ট

বীজ ফসলের নাম ..... জাত.....  
নমুনা প্রাপ্তির তারিখ ..... পরীক্ষার তারিখ .....  
বীজের শ্রেণী ..... বিশুদ্ধতা.....%  
পরিমাণ ..... অঙ্কুরোদগম ক্ষমতা .....%  
লট নং..... অর্দ্রতা .....%  
রেফারেন্স/কোড নং .....

(ক) বিশুদ্ধতা বিশ্লেষণ

বিশুদ্ধ বীজ (%)	জড় পদার্থ (%)	অন্যান্য ফসলের বীজ (%)	আগাছার বীজ (সংখ্যা/কেজি)

(খ) বিশুদ্ধ বীজের অঙ্কুরোদগম ক্ষমতা পরীক্ষা

চূড়ান্ত গণনায় স্বাভাবিক চারা (%)	অস্বাভাবিক চারা (%)	শক্ত বীজ (%)	সতেজ অ-অঙ্কুরিত বীজ (%)	মৃত বীজ (%)

বীজ বিশ্লেষক  
(সীল)

স্মারক নং.....

তারিখ :.....

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

ফরম ১২  
(বিধি ৪১ দ্রষ্টব্য)

স্মারক ফরম

প্রতি,

.....  
.....  
.....

বীজ বিশ্লেষক কর্তৃক একই রকম পরীক্ষা করার জন্য নিম্নে উল্লেখিত বীজের নমুনা আমি  
অদ্য.....তে অবস্থিত  
.....প্রতিষ্ঠান থেকে  
সংগ্রহ করিলাম।

বীজ পরিদর্শকের স্বাক্ষর  
ও সীল

তারিখ .....

এলাকা .....

সংগৃহীত নমুনার কেন্দ্র/প্রতিষ্ঠানের প্রতিনিধির স্বাক্ষরঃ

স্বাক্ষীর স্বাক্ষরঃ

১।

২।

মহামান্য প্রেসিডেন্টের আদেশক্রমে

ড. এ.এম.এম. শওকত আলী

সচিব।

.....  
মুহাম্মদ রবিউল ইসলাম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

বিমান বিহারী দাস, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।